

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২ শাখা
www.moef.gov.bd

নং- ২২.০০.০০০০.০৭২.১৪.০৫০.১৭.২৭২

তারিখ: ১৭ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
০১ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে কাঁকনহাট পৌরসভা, রাজশাহী কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য কাঁকনহাট পৌর এলাকায় জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের সংশোধিত প্রশাসনিক আদেশ জারি প্রসঙ্গে।

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পত্র নং- ২২.০০.০০০০.০৭২.১৪.০৫০.১৫.৪৫২, তারিখঃ ০১/১১/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে গত ০৭/০৪/২০১৯ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫০তম সভায় কাঁকনহাট পৌরসভা, রাজশাহী কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য কাঁকনহাট পৌর এলাকায় জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদকাল ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বৃদ্ধির সংশোধিত প্রকল্প প্রস্তাব অনুমোদিত হয়। ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্পের সংশোধিত প্রশাসনিক আদেশ জারি করা হলো। অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্থ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।


প্রকল্পের মূল মেয়াদকাল: অক্টোবর, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৬।
প্রকল্পের ১ম সংশোধিত মেয়াদকাল: অক্টোবর, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৯।
বাস্তবায়নকারী সংস্থা: কাঁকনহাট পৌরসভা, রাজশাহী।
প্রকল্পটির অনুমোদিত ব্যয় বিভাজন নিম্নরূপঃ

| ক্র:নং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | মূল | সংশোধিত |
|-----------------|---------------|---------------|--------|----------|
| ০১ | ৭০১৬ | আরসিসি ড্রেন | ৪১১.৯৯ | ৪৩৮.৭৭৯২ |
| ০২ | ৭০৪৭ | ডিপ টিউবওয়েল | ৫৭.০৩ | ৬০.৫৫৭৭ |
| ০৩ | ৭০৪১ | খাল পুন:খনন | ৩০.৯৮ | ০ |
| মোট মূলধন ব্যয় | | | ৫০০.০০ | ৪৯৯.৩৩৬৯ |
| সর্বমোট ব্যয় | | | ৫০০.০০ | ৪৯৯.৩৩৬৯ |

(অংকসমূহ লক্ষ টাকায়)

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

- ১। প্রকল্প বাস্তবায়নের বিষয়ে এবং বরাদ্দকৃত এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে;
- ২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rule (PPR), 2008 অনুসরণ করতে হবে;
- ৩। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন খাতে অথবা বরাদ্দ সীমার অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না;
- ৪। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক এ ট্রাস্ট কার্যালয়ে অবহিত করতে হবে;
- ৫। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২)-এ প্রেরণ করতে হবে।
- ৬। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড এবং সফট কপি (bcctmoef@hotmail.com এই ই-মেইল ঠিকানায়) প্রেরণ নিশ্চিত করতে হবে;
- ৭। প্রকল্পের চলমান কাজের রপিন ছবি/ভিডিও ক্লিপ ট্রাস্ট কার্যালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে;
- ৮। প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- ৯। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্ত্রণালয়ের উপর বর্তাবে এবং প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্তির পর অডিট রিপোর্টের কপি বিসিসিটি-তে যথাসময়ে প্রেরণ করতে হবে;
- ১০। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির পর বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কার্যালয়ে ফেরত প্রদান করতে হবে।


(মোঃ মাজেদুল ইসলাম)
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ১০১ মহাখালী, ঢাকা-১২১২।
- ০৩। মেয়র, কাঁকনহাট পৌরসভা, রাজশাহী (অনুমোদিত সংশোধনী ডিপিপি'র এক প্রস্থসহ)।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, রাজশাহী (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় সভায় এজেন্ডায় অন্তর্ভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৪। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।